# ২০২১ সালে নিউ ইয়র্ক শহরের ভোটারদের ক্ষমতায়ন

অধিক পছন্দ,
অনেক কণ্ঠ

## নিউইয়র্ক সিটিতে র‍্যাঙ্কড চয়েস ভোটিং এর সুযোগ এসেছে

চলতি বছর নিউইয়র্কারগণ মেয়র, কম্পট্রোলার, পাবলিক এডভোকেট, বরো প্রেসিডেন্ট ও সিটি কাউন্সিলে প্রাইমারী ও বিশেষ নির্বাচনে আমাদের স্থানীয় প্রতিনিধি নির্বাচন করার জন্য একটি নতুন, সহজ পদ্ধতিতে ভোটাধিকার প্রয়োগের সুযোগ লাভ করবেন।


## আপনার নতুন ব্যালট কিভাবে পূরণ করতে হবেঃ

| Council Member<br>Rank up to 5 choices<br>Mark no more than 1 oval in each column<br>Miembro del Consejo<br>Clasifique hasta 5 opciones<br>Marque no más que 1 óvalo en cada columna<br>市議員<br>等級由5個選擇決定<br>標記沒有比1長圓形在每個專欄 | 1st Choice Opción 選擇 | 2nd Choice Opción 選擇 | 3rd Choice Opción 選擇 | 4th Choice Opción 選擇 | 5th Choice Opción 選擇 |
|---|---|---|---|---|---|
| Zion King<br>錫安 金 | ○ | ○ | ● | ○ | ○ |
| Flynn Anderson<br>弗林 安德森 | ○ | ○ | ○ | ● | ○ |
| Reese Clark<br>瑞絲 克拉克 | ● | ○ | ○ | ○ | ○ |
| Farah Bailey<br>法拉 貝利 | ○ | ○ | ○ | ○ | ● |
| Write-in<br>candidato por escrito<br>寫入未列名候選人 | ○ | ● | ○ | ○ | ○ |

- বরাবরের মত আপনি যদি র‍্যাংকিং করেন, অথবা শুধুমাত্র একজন প্রার্থীকে ভোট দিতে চান, তাহলে আপনার প্রথম পছন্দের উপর ডানদিকে গোলাকৃতি স্থান পূরণ করুন।
- আপনার ভোটকে আরো ক্ষমতা দিতে এগিয়ে যান এবং দ্বিতীয় পছন্দ নির্বাচন করুন এবং প্রার্থীর নামের ডানদিকে দ্বিতীয় পছন্দের গোলাকৃতি স্থান পূরণ করুন।
- এভাবে আপনার পছন্দের পাঁচ জন প্রার্থীকে র‍্যাংকিং করা পর্যন্ত অব্যাহত থাকতে পারেন।


### মনে রাখবেন

প্রত্যেক কলামের জন্য শুধু একটি গোলাকৃতির স্থান পূরণ করবেন



আপনি যদি শুধু প্রতি সারিতে মাত্র একটি গোলাকৃতির স্থান পূরণ করেন, তাহলে আপনার ভোটের আরও শক্তি থাকে; অর্থ্যাৎ একজন প্রার্থীকে শুধু একবার র‍্যাংক করুন

প্রার্থীর নাম লেখাসহ, আপনি যত বেশি সংখ্যক প্রার্থীকে অথবা কম সংখ্যক প্রার্থীকে পছন্দ করতে পারেন, সর্বোচ্চ পাঁচজন (৫) পর্যন্ত।



## র‍্যাংকড চয়েস ভোট (আরসিভি) পদ্ধতি কি কারণে ?

আরসিভি ভোটারদেরকে প্রার্থীদের পছন্দের ক্রম অনুযায়ী ভোট দেয়ার ক্ষমতা দেয়। আপনি আপনার প্রথম পছন্দ ছাড়াও বাড়তি হিসেবে দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ ও পঞ্চম পছন্দ স্থির করতে পারেন। আরসিভি ভোটারদের অনেক কণ্ঠ ও ব্যাপক পছন্দের সুযোগ দেয়।

- আপনি সবসময় আপনার প্রিয় প্রার্থীকে প্রথমে ভোট দিতে পারেন।
  - আপনি আপনার আকাঙ্খা ও মূল্যবোধের ভিত্তিতে যথাযথ প্রাধান্য অনুযায়ী ভোট দিতে পারেন।
  - আপনার ভোট বিভক্ত হয়ে যাওয়ার দু:শ্চিন্তা থাকে না যে আপনি যাকে নির্বাচিত দেখতে চান না, তিনি নির্বাচিত হয়ে যেতে পারেন।
- প্রার্থীদেরকে সকল ভোটারের কাছে পৌছতে হবে, শুধু তারা যেসব ভোটারকে ভালোভাবে জানেন তাদের কাছে নয়।

RANK THE VOTE NYC আরো বিস্তারিত তথ্য এবং ব্যাখ্যাসহ ভিডিও দেখতে চাইলে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন: **RankTheVoteNYC.org**

র‌্যাংকড চয়েস ভোটিং এর অর্থ হলো

নিউ ইয়র্কের মানুষদের জন্য অধিকতর ক্ষমতা এবং শুধুমাত্র বিশেষ স্বার্থের জন্য নয়।

অনেক কণ্ঠ, কারণ প্রার্থীদের র‌্যাংকিং এর কারণে ভোটারদের এতে অধিক প্রভাব থাকে।

নিউ ইয়র্কের মানুষদে জন্য অধিক পছন্দের সুযোগ, যখন স্থানীয় পর্যায়ের নির্বাচনে তারা শুধুমাত্র একজন অথবা পাঁচজন পর্যন্ত প্রার্থীকে র‌্যাংকিং করে ভোট দিতে পারে।

# জুন মাসে অনুষ্ঠেয় প্রাইমারী নির্বাচনের গুরুত্বপূর্ণ তারিখসমূহ

আপনার অ্যাবসেন্টি ব্যালটের জন্য আজই অনুরোধ জানান

আগাম ভোট গ্রহণ করা হবে ১২ই জুন শনিবার থেকে ২০শে জুন রোববার পর্যন্ত

আপনার নির্ধারিত ভোট কেন্দ্র কোথায় তা জেনে নিন

নির্বাচনের দিন: ২২শে জুন মঙ্গলবার, ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত

আপনার নির্ধারিত ভোট কেন্দ্র কোথায় তা জেনে নিন

## সচরাচর জানার বিষয়সমূহ

কোন্ পদগুলোতে র‌্যাংকড চয়েস ভোটিং এর মাধ্যমে নির্বাচন হবে?
২০২১ সাল থেকে শুরু করে নিউইয়র্ক সিটির ভোটাররা নিম্নে বর্ণিত পদগুলোতে প্রাইমারী ও স্পেশাল নির্বাচনে র‌্যাংকড চয়েস ভোটিং এর মাধ্যমে প্রতিনিধি নির্বাচন করতে পারবেনঃ

- মেয়র
- কম্প্রটোলার
- পাবলিক এডভোকেট
- বরো প্রেসিডেন্টবৃন্দ
- সিটি কাউন্সিল মেম্বার

র‌্যাংকিং এর কারণে কি আমার প্রথম পছন্দ কোনভাবে ক্ষতিগ্রস্থ হয়?
না। অন্য প্রার্থীদের র‌্যাংকিং করার মধ্য দিয়ে আপনার প্রথম পছন্দের ভোটে কোন প্রভাব পড়ে না।

আমি কি একই প্রার্থীকে একাধিকবার ভোট প্রদান করতে পারবো ?
আপনি পারবেন, কিন্তু আপনি যদি র‌্যাংক করেন তাহলে আপনার ভোটের ক্ষমতা থাকবে অধিক। একজন প্রার্থীকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় পছন্দ হিসেবে ভোট দেয়া আর দ্বিতীয় এবং তৃতীয় পছন্দের ঘরটি খালি রাখা একই অর্থ। কোন প্রার্থীকে আপনি একাধিকবার ভোট দেয়ার মাধ্যমে তার বিজয়ের সুযোগের মধ্যে আর কোন অগ্রগতি আসবে না।

এই পদ্ধতিতে কিভাবে একজন বিজয়ী নির্ধারিত হয়?
প্রথমে সকল প্রথম পছন্দের ভোটগুলো গণনা করা হয়। একজন প্রার্থী যদি প্রথম পছন্দ অনুযায়ী ৫০% এর বেশি ভোট পান তাহলে তিনি বিজয় লাভ করেন। তা না হলে দ্বিতীয় দফা ব্যালট গণনা করা হয়। প্রতিটি ধাপে কম ভোট লাভকারী প্রার্থীরা বাদ পড়েন। সেই প্রার্থীদের ব্যালট ভোটারদের পরবর্তী পছন্দের প্রার্থীদের ভোট হিসেবে গণনা করা হয়। চূড়ান্ত ২ জন প্রার্থী নিশ্চিত না হওয়া পর্যন্ত ভোট গণনা চলতে থাকে। বিস্তারিত তথ্যের জন্যঃ

## সহায়ক তথ্যসূত্র:

আপনার ভোটার রেজিষ্ট্রেশনের অবস্থা পরীক্ষা করুন; অনুপস্থিত ব্যালটের জন্য অনুরোধ জানান এবং আপনার আগাম ভোটের সুযোগ ও নির্বাচনের দিন ভোট কেন্দ্র সম্পর্কে জেনে নিনঃ **vote.nyc**

RANK THE VOTE NYC আরো বিস্তারিত তথ্য এবং ব্যাখ্যাসহ ভিডিও দেখতে চাইলে আমাদের ওয়েবসাইট ভিজিট করুন: **RankTheVoteNYC.org**